

উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণীঃ
ঝিকরগাছা, যশোর।

সভাপতি : প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
তারিখ : ১০/০৯/২০২৫ খ্রি.
স্থান : উপজেলা সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঝিকরগাছা, যশোর।
সময় : সকাল- ১১.০০ ঘটিকা।

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও অভ্যর্থনা জানান এবং সভাপতি সভা পরিচালনার জন্য সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) ঝিকরগাছা, যশোরকে অনুরোধ করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ও উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সদস্য সচিব আলোচ্য সূচী অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়। সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

ক্র.নং.	আলোচনা বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	ঝিকরগাছা উপজেলায় বিভিন্ন শ্রেণির নলকূপ স্থাপন সংক্রান্ত আলোচনাঃ উপজেলা উপ-সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) ঝিকরগাছা, যশোর জানান যে, ঝিকরগাছা উপজেলা বিভিন্ন ইউনিয়নে সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপনের কাজ শুরু করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এটাস্টাসটেড ওয়াশ ব্লক ও ওয়াশ বেসিন নির্মাণ করা হচ্ছে বলে জানান ও বিস্তারিত আলোচনা করেন।	বিস্তারিত আলোচনা নির্ধারিত সময়ের মধ্যে নলকূপ স্থাপনের কাজ বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এবং বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে এটাস্টাসটেড ওয়াশ ব্লক ও ওয়াশ বেসিন নির্মাণ কাজ সুদৃষ্টভাবে বাস্তবায়ন করার সিদ্ধান্ত নেওয়া হয়।	উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল, ঝিকরগাছা, যশোর।
২.	বিবিধঃ বিশুদ্ধ পানি ব্যবহার সংক্রান্ত আলোচনাঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, ঝিকরগাছা উপজেলার বিভিন্ন এলাকায় এখনও পর্যন্ত আর্সেনিক যুক্ত পানি পান না করার বিষয়ে জন সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে ১১নং ইউপি চেয়ারম্যান বলে আমার ইউনিয়নে আর্সেনিক যুক্ত অগভীর নলকূপের সংখ্যা অধিক আছে। এখানে কিছু গভীর নলকূপ স্থাপনের মাধ্যমে বিশুদ্ধ পানি সরবরাহ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনা বিশুদ্ধ পানি ব্যবহারের বিষয়ে জন সচেতনতামূলক প্রশিক্ষণের বিষয়ে উপজেলা পরিষদের মাসিক সভায় বিষয়টি আলোচনা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল, ঝিকরগাছা, যশোর।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদেরকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।


প্রশাসক, উপজেলা পরিষদ

ও

সভাপতি

“জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ” বিষয়ক স্থায়ী কমিটি
ঝিকরগাছা উপজেলা, যশোর।

স্মারক :- ৪৬.০৩.৪১২৩.৩০১.১৬.০১০.২০১৮-১৮৪/৫

অনুলিপি সদস্য অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর।
২. উপজেলা প্রকৌশলী, ঝিকরগাছা, যশোর (কো-অপ্ট)।
৩. চেয়ারম্যান, পানিসারা/ ঝিকরগাছা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৪. অফিস কপি।

তারিখ :- ১০/০৯/২০২৫ খ্রি:।


মো: তাসরিফ হোসেন

উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

ও

সদস্য সচিব

“জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ” বিষয়ক স্থায়ী কমিটি
ঝিকরগাছা উপজেলা, যশোর।